

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমাজসেবা অধিদফতর  
সমাজসেবা ভবন  
ই-৮/বি-১, আপারপাঁও, শেরেবাগা নগর, ঢাকা।

স্মারক নম্বর : ৪১,০১,০০০০,০৬২,২৩,৩০৮,০৮-

৩৬০

তারিখ : ৩৩-০৭-২০১৬ খ্রিস্টাব্দ

বিষয় : ১৫ আগষ্ট/২০১৬ স্বাধীনতার মহান ছুপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪১তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস-২০১৬ পালন।

সূত্র : ১৭ জুলাই ২০১৬ তারিখ মহাপরিচালক সমাজসেবা অধিদফতর, ঢাকা এর সভাপতিত্বে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১৫ আগষ্ট/২০১৬ স্বাধীনতার মহান ছুপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪১তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস-২০১৬ যথাযথ মর্যাদার পালনের জন্য ১৭-৭-২০১৬ তারিখ সমাজসেবা অধিদফতরের মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে এক প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। সভায় মার্চ পর্যায় পরিচালিত সকল প্রতিষ্ঠানে নিম্ন বর্ণিত কর্মসূচিসমূহ পালনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।


নং	কর্মসূচি	সিদ্ধান্ত
১	জাতীয় পতাকা অর্ধনমিতকরণ	১৫ আগষ্ট/২০১৬ স্বাধীনতার মহান ছুপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪১তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস-২০১৬ যথাযথ মর্যাদার পালনের নিমিত্ত সকল প্রতিষ্ঠানে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হবে।
২	রচনা প্রতিযোগিতা	মার্চ পর্যায় সকল শিশু পরিবার ও অন্যান্য প্রতিষ্ঠানের নিবাসিদের মাঝে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হবে। রচনা প্রতিযোগিতার বিষয় হবে "বঙ্গবন্ধু ও বাংলাদেশ" রচনাটি অবশ্যই ২৫০ শব্দ বিশিষ্ট হবে। প্রতিযোগিতার ১০ম শ্রেণির শিতরা অংশগ্রহণ করতে পারবে। ১ম, ২য় ও ৩য় স্থান প্রাপ্তদের পুরস্কার 'স' প্রদত্ত হবে। এছাড়াও কেন্দ্রীয়ভাবে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হবে। প্রতিটি জেলা হতে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীদের খাতা আগামী ১৮-০৮-২০১৬ তারিখের মধ্যে পরিচালক (প্রতিষ্ঠান) বরাবরে প্রেরণ নিশ্চিত করতে হবে। জাতীয় সমাজসেবা দিবস/২০১৭ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে ১০ জন রচনা প্রতিযোগীকে পুরস্কার ও সার্টিফিকেট প্রদান করা হবে।
৩	কোরআন খতম	১৫ আগষ্ট/২০১৬ জাতীয় শোক দিবস-২০১৬ পালন উপলক্ষে সরকারি শিশু পরিবার এবং নিবন্ধনকৃত ও ক্যাম্পটেশন গ্রাউন্ডের বেসরকারি এতিমখানার নিবাসিদের দ্বারা ১ আগষ্ট হতে ১৪ আগষ্ট পর্যন্ত কোরআন খতম এর ব্যবস্থা করতে হবে। মোট কোরআন খতমের সংখ্যা ১৪ আগষ্টের মধ্যে নিম্নস্বাক্ষরকারী, অতিরিক্ত পরিচালক (প্রতিষ্ঠান) ও উপপরিচালক (প্রতিষ্ঠান-১) কে অবহিত করতে হবে।
৪	কোরআন তেলওয়াত	১৫ আগষ্ট/২০১৬ সরকারি শিশু পরিবার এবং নিবন্ধনকৃত ও ক্যাম্পটেশন গ্রাউন্ডের বেসরকারি এতিমখানার নিবাসিদের দ্বারা সাবদিন ব্যাপী কোরআন তেলওয়াত এবং বিকেলে দোয়া মাহফিল এর ব্যবস্থা করতে হবে।
৫	উন্নতমানের খাবার পরিবেশন ও পরিচ্ছন্ন-পরিষ্কৃত পোষাক পরিধান।	১৫ আগষ্ট/২০১৬ জাতীয় শোক দিবস-২০১৬ যথাযথভাবে উদ্‌যাপনের জন্য সরকারি শিশু পরিবার সহ সকল আবাসিক প্রতিষ্ঠানের নিবাসিদের মধ্যে উন্নতমানের খাবার পরিবেশন করা হবে ও নিবাসিগণ পরিচ্ছন্ন-পরিষ্কৃত পোষাক পরিধান করবে।

এমতাবস্থায়, জেলার সার্বিক্তে নিয়োজিত উপপরিচালকগণকে তাঁর জেলায়ীন সকল কার্যালয়ে বর্ণিত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নসহ সকল আবাসিক প্রতিষ্ঠানের নিবাসিদের মধ্যে উন্নতমানের খাবার পরিবেশন ও নিবাসিদের পরিচ্ছন্ন-পরিষ্কৃত পোষাক পরিধান তদারকির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, দিকটি উদ্‌যাপনের জন্য সরকারি ভাবে আপাদা কোন বরাদ্দ পাওয়া গেলে অর্থ প্রদান করা হবে, নতুবা নিবাসীদের ভোজা খাতের নিয়মিত বরাদ্দ হতে সমন্বয় করে উক্ত ব্যয় নির্বাহ করতে হবে।

মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে।

উপপরিচালক  
জেলা সমাজসেবা কার্যালয়

  
(মোঃ জুলকার হাফিজ)  
পরিচালক (প্রতিষ্ঠান)  
ফোন-৮১৬১৫০৪।

সদয় জ্ঞাতার্থে :

- ১। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

কার্যার্থে :

- ১। অধ্যক্ষ (অতিরিক্ত পরিচালক), জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র, মিরপুর-১৪, ঢাকা।
- ২। উপপরিচালক, ই.আর.সি.পি.এইচ, টঙ্গী, গাজীপুর।
- ৩। অধ্যক্ষ (উপপরিচালক) মানসিক প্রতিবন্ধী শিশুদের প্রতিষ্ঠান, হটকাবাদ, চট্টগ্রাম।
- ৪। জেনারেল ম্যানেজার (উপপরিচালক), এটিম ও প্রতিবন্ধী ছেলেমেয়েদের জন্য কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র,.....
- ৫। উপপরিচালক (ভবপুরে কার্যক্রম), সমাজসেবা অধিদফতর, ঢাকা।